# মিডল ফ্রেঞ্চ ইমারশন (মধ্যম ফরাসি শিক্ষা-মাধ্যম - Middle French Immersion)

## মিডল ফ্রেঞ্চ ইমারশন কী?

মিডল ফ্রেঞ্চ ইমারশন একটি নিবিড় ফ্রেঞ্চ এজ এ্যা সেকেন্ড ল্যাঙ্গুয়েজ কর্মসূচি। এই কর্মসূচিটি 4র্থ শ্রেণীতে শুরু হয়। মিডল ফ্রেঞ্চ ইমারশন কর্মসূচির শিক্ষাদান মডেলটি 4র্থ এবং 5ম শ্রেণীর জন্য 100% ফরাসি শিক্ষাদান বা ফ্রেঞ্চ ইনস্ট্রাকশনে। 4র্থ এবং 5ম শ্রেণীতে ক্লাশের সকল কর্মকাণ্ড ফরাসিতে পরিচালনা করা হয়। 6ষ্ঠ থেকে 8ম শ্রেণীতে ফরাসি শিক্ষাদান মডেলটি 75% ফরাসিতে। ইংরেজি ভাষা এবং বিজ্ঞান ব্যতিরেকে সকল বিষয়ই ফরাসিতে শেখানো হবে। একটি বিশেষজ্ঞ সংক্রান্ত বিষয় (উদাহরণস্বরূপ, স্বাস্থ্য এবং শারীরিক বিষয়ক শিক্ষা) ইংরেজিতে শেখানো হতে পারে, সময়নিরূপণ তালিকার বা টাইমটেবলের স্বার্থে তা প্রয়োজন হলে।

## মিডল ফ্রেঞ্চ ইমারশন কাদের জন্য?

- ✔ যে সকল পরিবার বাড়িতে ফরাসি ছাড়া অন্য কোনো ভাষায় কথা বলেন তাদের জন্যই পরিকল্পনা করা হয়েছে।
- ✔ ইংরেজি কর্মসূচির 3য় শ্রেণীর সকল শিক্ষার্থীই 4র্থ শ্রেণীতে আবেদন করা শুরু করার জন্য যোগ্য।
- ✔ আমরা দৃঢ়ভাবে বিশ্বাস করি যে সকল শিক্ষার্থীই অন্য আরেকটি ভাষা শিখতে সক্ষম সুতরাং কর্মসূচিটিতে সকল ধরনের শিক্ষণ রীতি এবং ভাষা-পটভূমির শিক্ষার্থীগণকে স্বাগত জানানো হয় ও সহায়তা প্রদান করা হয়।
- ✔ মধ্যম ফরাসি শিক্ষা-মাধ্যম বা মিডল ফ্রেঞ্চ ইমারশন কর্মসূচিটি সেই সকল পরিবারের জন্য উপযুক্ত যারা ফরাসিতে তাদের দক্ষতার উন্নতি করার সুযোগ গ্রহণে আগ্রহী তবে তারা সম্ভবত আর্লি ফ্রেঞ্চ ইমারশনের বা গোড়ার দিকের ফরাসি শিক্ষা মাধ্যম নিবন্ধন করার সময়ের পরে টিডিএসবিতে (TDSB) এসেছেন।
- ✔ এটি তাদের জন্যও উপযুক্ত যারা যে কোনো কারণেই হোক না কেন, তাদের শিশু কিছুটা বড় হওয়ার পরেই ফ্রেঞ্চ ইমারশনের সুযোগটি বিবেচনা করার আকাঙ্খা প্রকাশ করেন।

## ফ্রেঞ্চ ইমারশন প্রোগ্রাম বা কর্মসূচিটির সুবিধাসমূহ

মিডল ফ্রেঞ্চ ইমারশন কর্মসূচিটি যেকোনো ভাষা-পটভূমির শিক্ষার্থীগণকে ফরাসিতে উচ্চ স্তরের দক্ষতার বিকাশ করতে দেবে। নিম্নলিখিত বিষয়সমূহ সহ এইভাবে অন্য ভাষায় অধ্যয়ন করা শিক্ষার্থীগণকে অন্যান্য সুবিধাসমূহও প্রদান করবে:

- ✔ অন্য ভাষায় অধ্যয়নরত শিক্ষার্থীগণের প্রধান ভাষাতে দক্ষতাসমূহ বৃদ্ধি করে বলে প্রমাণ করেছে।
- ✔ ভাষা শিক্ষণ জ্ঞান সম্বন্ধীয় সুবিধাসমূহ প্রদান করে যেমন উন্নত মানসম্পন্ন উচ্চ চিন্তাভাবনা এবং শিক্ষণ সংক্রান্ত দক্ষতাসমূহ যা শিক্ষার্থীগণ তাদের অধ্যয়নের সকল ক্ষেত্রে প্রয়োগ করতে পারেন।
- ✔ একাধিক ভাষাতে দক্ষতা ভবিষ্যতে শিক্ষার্থীগণের জন্য সুযোগের দ্বারসমূহ উন্মুক্ত করে দেয়।
- ✔ দ্বিভাষী বা বাইলিঙ্গুয়াল শিক্ষার্থীগণের সামগ্রিকভাবে যোগাযোগ সংক্রান্ত দক্ষতাসমূহ দৃঢ় তৈরী হয় এবং তারা অপেক্ষাকৃত সহজভাবেই অতিরিক্ত ভাষাসমূহ শিখে নিতে পারেন।

## আবেদনপত্র সংক্রান্ত তথ্য:

মিডল ফ্রেঞ্চ ইমারশন সংক্রান্ত কর্মসূচি এবং আবেদন প্রক্রিয়া সম্পর্কে তথ্যের জন্য, অনুগ্রহ করে www.tdsb.on.ca/French-এ যান।

বর্তমানে, মিডল ফ্রেঞ্চ ইমারশন কর্মসূচিটির আবেদনপত্রের সময়সীমা হচ্ছে প্রতি বছরের **জানুয়ারি মাসে।** অনুগ্রহ করে একটি নির্দিষ্ট বছরের আবেদনপত্রের সময়সীমাসমূহ সম্পর্কিত তথ্যের জন্য সেপ্টেম্বরের শুরুর দিকে আমাদের ওয়েবসাইটটি দেখুন।

এটি লক্ষ্য করা গুরুত্বপূর্ণ যে যদিও সময়মত আবেদন করা সকল যোগ্য আবেদনকারীগণের জন্য কর্মসূচিটিতে স্থাননির্ণয় বা প্লেইসমেন্ট নিশ্চিত তবে নির্দিষ্ট স্কুলে স্থাননির্ণয়টি নিশ্চিত **নয়।**

# গবেষণা কী বলে?

"কোনও ভাষা শেখার জন্য সেই ভাষাতে নিবিড় মাত্রায় 'নিমজ্জন' বা 'ইমারশন' সাধারণত সেই একই মাত্রা দীর্ঘ সময় ধরে গ্রহণ করার চেয়ে আরো বেশী কার্যকর।" (ওয়েশসে, 2002 - Weshce, 2002)

উপাত্ত দেখিয়েছে যে ফ্রেঞ্চ ইমারশন কর্মসূচিসমূহে যে সকল শিক্ষার্থীকে নিবন্ধন করা হয়েছে তারা পঠন সংক্রান্ত কৃতিত্বের ক্ষেত্রে তাদের সমমনাগণ যারা নন-ইমারশন নয় এমন কর্মসূচিসমূহে রয়েছেন তাদের চেয়ে বেশী কৃতিত্ব প্রদর্শন করেছেন।
https://www150.statcan.gc.ca/n1/daily-quotidien/040322/dq040322a-eng.htm

"এফআই - (FI) এ ফরাসিতে শিক্ষার্থীগণ উন্নত দক্ষতা এবং স্কুলের বিষয়বস্তুতে (বিজ্ঞান, সমাজ শিক্ষণসমূহ, গণিত, ইত্যাদি) যে দক্ষতা অর্জন করছেন তারা একইধরনের শিক্ষার্থীগণ যারা ইংরেজিতে এই বিষয়বস্তু অধ্যয়ন করছেন তাদের সমতূল্য।" (ওয়েশসে, 2002 - Weshce, 2002)

কানাডার বিভিন্ন এলাকার গবেষণাসমূহ প্রাথমিক এফআই (FI) বা এমএফআই (MFI) শিক্ষা-মাধ্যম স্কুলের শিক্ষার্থীগণের গণিত, বিজ্ঞান, সামাজিক শিক্ষণসমূহে কোনো নেতিবাচক প্রভাব খুঁজে পায়নি, যখন ইংরেজিতে পরীক্ষা করা হয়েছে। (ওয়েশসে, 2002 - Weshce, 2002)

একটি শিশুর মাতৃভাষা তার সামাজিক ভাষা নাও হতে পারে, তবুও শিশুরা সফলভাবেই একটি অতিরিক্ত ভাষা শিখতে পারে, যেমন ফরাসি, যখন তারা একই সময়ে দ্বিতীয় ভাষা হিসেবে ইংরেজি শিখছে। (ও'ব্রায়েন, 2017 - O'Brien, 2017)

দ্বিতীয় ভাষা সংক্রান্ত দক্ষতাসমূহ প্রায়শই নিয়োগকর্তাগণ দ্বারা অত্যন্ত মূল্যবান বলে গন্য এবং প্রত্যাশা করা হয়। (ও'ব্রায়েন, 2017 - O'Brien, 2017)

একটি 50% কর্মসূচির সাথে একটি 80% ফরাসি কর্মসূচির তুলনা করে একটি গবেষণা দেখিয়েছে যে একটি ফ্রেঞ্চ ইমারশন কর্মসূচিতে ফরাসিতে গণিত শিক্ষণ দ্বারা ফরাসি নিমজ্জনে প্রখরতা বৃদ্ধি গণিত সম্পর্কিত কৃতিত্বের ওপর একটি ইতিবাচক প্রভাবের সাথে দৃঢ়ভাবে যুক্ত। (বারনট-ট্রাইটস এন্ড রিডার, 2001 - Bournot-Trites & Reader, 2001)

**গ্রন্থপঞ্জী**


বারনট-ট্রাইটস এন্ড রিডার, (2001) ইন্টারডিপেন্ডেন্স রিভিজিটেড: ম্যাথামেটিকস অ্যাচিভমেন্ট ইন এ্যান ইনটেন্সসিফাইড ফ্রেঞ্চ ইমারশন প্রোগ্রাম, ক্যানাডীয়ান মডার্ন ল্যাঙ্গুয়েজেজ রিভিইউ (58/1) সেপ্টেম্বর (Interdependence Revisited: Mathematics Achievement in an Intensified French Immersion program, Canadian Modern Languages Review (58/1) September)।

ওয়েশসে, এম.বি (2002) আর্লি ফ্রেঞ্চ ইমারশন: হাও হ্যাজ দ্যা অরিজিন্যাল ক্যানাডীয়ান মডেল স্টুড দ্যা টেস্ট অফ টাইম? (Early French Immersion: How has the original Canadian model stood the test of time?) এ্যান ইন্ট্রিগ্রেটেড ভিউ অফ ল্যাঙ্গুয়েজ ডেভেলপমেন্ট, পেট্রা বার্মমাইসটার, থরস্টেন পিসকে অ্যান্ড্রিয়া রোডে (এডস -সংকলিত), ডাব্লিউভিটি উইসেনসাফটলিচার ভেরলাগ ট্রিয়ার (An Integrated View of Language Development, Petra Burmeister, Thorsten Piske, and Andreas Rohde (Eds), WVT Wissenschaftlicher Verlag Trier)
www.fmks-online.de/_wd_showdoc.php?pic=865.

স্ট্যাটিস্টিকস ক্যানাডা, (2004) স্টুডেন্ট রিডিং পারফরমেন্স ইন মাইনোরিটি ল্যাঙ্গুয়েজ স্কুলস (Student Reading Performance in Minority Language Schools)।
https://www150.statcan.gc.ca/n1/daily-quotidien/040322/dq040322a-eng.htm

ও'ব্রায়েন (2017) লিটারেচার রিভিইউ অন দ্যা ইমপেক্ট অফ সেকেন্ড ল্যাঙ্গুয়েজ লার্নিং, ক্যানাডীয়ান অ্যাসোসিয়েশন অফ সেকেন্ড ল্যাঙ্গুয়েজেস টিচার্স (Literature Review on the Impact of Second Language Learning, Canadian Association of Second Language Teachers)
https://www.caslt.org/files/pd/resources/research/Lit-review-Impact-L2-Learning-Exec-Summary.pdf